

া মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৪৯৫৫

পর্ব-২৫: শিষ্টাচার (كتاب الآداب)

পরিচ্ছেদঃ ১৫. প্রথম অনুচ্ছেদ - সৃষ্টির প্রতি দয়া ও অনুগ্রহ

بَابُ الشَّفَقَةِ وَالرَّحْمَةِ عَلَى الْخَلْقِ

আরবী

وَعَنْ أَبِي مُوسَى عَنِ النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ: «الْمُؤْمِنُ لِلْمُؤْمِنِ كَالْبُنْيَانِ يَشُدُّ بَعْضُهُ بَعْضًا» ثُمَّ شَبِكَ بَين أَصَابِعه. مُتَّفق عَلَيْهِ

বাংলা

৪৯৫৫-[৯] আবৃ মূসা (রাঃ) নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম হতে বর্ণনা করেন যে, তিনি বলেন, এক মু'মিন অপর মু'মিনের জন্য প্রাচীর বা ইমারতের মতো, যার একাংশ অপরাংশকে সুদৃঢ় করে। এটা বলে তিনি (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম) এক হাতের অঙ্গুলি অপর হাতের অঙ্গুলির মধ্যে প্রবেশ করালেন। (বুখারী ও মুসলিম)[1]

ফুটনোট

[1] সহীহ: বুখারী ৪৮১, ২৪৪৬, ৬০২৬; মুসলিম ৬৫-(২৫৮৫), নাসায়ী ২৫৬০, তিরমিয়ী ১৯২৮, সহীহুল জামি' ৬৬৫৪, মুসান্নাফ ইবনু আবৃ শায়বাহ্ ৩৪৪১৩, আহমাদ ১৯৬২৫, মুসনাদে আবৃ ইয়া'লা ৭৩২১, সহীহ ইবনু হিব্বান ২৩১, শু'আবুল ঈমান ৭৬১১, সুনানুন্ নাসায়ী আল কুবরা ২৩৪১, আল মু'জামুল কাবীর লিত্ব ত্ববারানী ১০৪০, আল মু'জামুল আওসাত্ব ৫৭১৮, আস্ সুনানুল কুবরা লিল বায়হাকী ১১৮৪৫।

ব্যাখ্যা

ব্যাখ্যাঃ অত্র হাদীসে বলা হয়েছে যে, মু'মিনরা একে অপরের সহযোগী। একে অপরের জন্য তারা নিবেদিত প্রাণ। ইবনু বাত্ত্বল (রহিমাহুল্লাহ) বলেনঃ মু'মিনরা যে একে অপরের সহযোগী এটা হচ্ছে আখিরাতের কর্মকাণ্ডের ক্ষেত্রে। তদ্ধপভাবে দুনিয়ার বৈধ কর্মকাণ্ডেও মু'মিনরা একে অপরের সহযোগী হবে। "আল্ল-হু ফী আওনিল 'আবদী মাদামাল 'আন্দু ফী আওনী আখী" অর্থাৎ বান্দার সাহায্যে আল্লাহ রব্বুল 'আলামীন ততক্ষণ থাকে যতক্ষণ সে অপর ভাইয়ের সহযোগিতা করে। কুরআন মাজীদে বলা হয়েছে, "তোমরা একে অপরের সহযোগিতা কর না।" (ফাতহুল



বারী ১০ম খন্ড, হাঃ ৬০২৬)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি 🛘 বর্ণনাকারীঃ আবৃ মূসা আল- আশ'আরী (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন